

সারা দেশে বই উৎসব ২ জানুয়ারি

নিজস্ব প্রতিবেদক >

এবার বই উৎসব পালন করা হবে আগামী ২ জানুয়ারি। অর্থাৎ ওই দিন প্রাথমিক ও মাধ্যমিকের প্রায় চার কোটি শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেওয়া হবে। গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক সভায় এ দিনক্ষণ ঠিক করা হয়। সভায় সিদ্ধান্ত হয়, এবার কেন্দ্রীয়ভাবে রাজধানীর গভ. ল্যাবরেটরি উচ্চ বিদ্যালয়ে এ উৎসব উদযাপিত হবে। ১ জানুয়ারি শুক্রবার হওয়ায় ২ জানুয়ারি এ উৎসবের দিন ঠিক করা হয়। রেওয়াজ অনুযায়ী, এবারও প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ে কিছু শিক্ষার্থীর হাতে বই তুলে দেওয়ার মাধ্যমে উৎসবের উদ্বোধন করবেন। এরপর শিক্ষামন্ত্রী এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী গভ. ল্যাবরেটরি উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেবেন।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) সূত্র জানায়, গতকাল পর্যন্ত মাধ্যমিকের প্রায় শতভাগ ও প্রাথমিকের প্রায় ৬০ শতাংশ বই পৌঁছানো সম্ভব হয়েছে। তাই ডিসেম্বরের মধ্যে প্রাথমিকের শতভাগ বই পৌঁছানো নিয়ে শঙ্কা দেখা দিয়েছে। তবে এনসিটিবির চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র পাল বলেন, এখন পুরোদমে কাজ চলছে। আশা করি, নির্দিষ্ট সময়েই সব স্কুলে বই পৌঁছে যাবে।

সর্বশেষ মন্ত্রণালয় সূত্র জানায়, ২০১৬ শিক্ষাবর্ষের তিন কোটি ৯১ লাখ ৯৪ হাজার ৯০৩ জন শিক্ষার্থীকে ৩৩ কোটি ৪৫ লাখ ১৮ হাজার ৬৩৫টি নতুন বই দেওয়া হবে। এর মধ্যে প্রাথমিকে ১০ কোটি ৮৭ লাখ ৪০ হাজার ১১টি, মাধ্যমিকে ১৬ কোটি ৩০ লাখ চার হাজার ৩৭৩টি, এবতেদায়িতে এক কোটি ৯২ লাখ ৪৭ হাজার ৪৮০টি বই দেওয়া হবে।